




এসএমই ও কৃষি বিনিয়োগ বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।


প্রাপক :	সকল শাখা ব্যবস্থাপক শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড।	প্রেরক :	এসএমই ও কৃষি বিনিয়োগ বিভাগ প্রধান কার্যালয়, ঢাকা।
অনুলিপি	১. ব্যবস্থাপনা পরিচালক ২. উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড।	সূত্র	ইনস্ট্রাকসন সার্কুলার নং এসএমই/২০১৭/২৭০৩/০১
বিষয়ঃ	বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমই উদ্যোক্তাদের বিনিয়োগ এর জন্য বাংলা ভাষায় স্বতন্ত্র আবেদন পত্র প্রবর্তন।	তারিখ	জানুয়ারী ২৩, ২০১৭ ইং

উপরিউক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক পরিপত্র নং এসএমইএসপিডি-০২, তারিখঃ ২৫/০৯/২০১৬ এর মাধ্যমে এসএমই খাতের বিশেষত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের সকল উদ্যোক্তাদের সুবিধার্থে বাংলাদেশ ব্যাংক প্রবর্তিত স্বতন্ত্র বাংলা আবেদন পত্রটি প্রবর্তন করার জন্য বাধ্যতামূলক নির্দেশনা প্রদান করেছে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক থেকে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছেঃ-

- (১) আবেদনপত্রটি এসএমই খাতের উদ্যোক্তাদের সকলের নিকট সহজলভ্য করার সুবিধার্থে এর প্রিন্ট কপি সকল ব্যাংক/ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতিটি শাখায় সংরক্ষণ করতে হবে;
- (২) আবেদন অনুযায়ী ঋণ/বিনিয়োগ মঞ্জুরির ক্ষেত্রে ব্যাংক/ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান আবশ্যিকীয় যে কোন তথ্য, প্রমাণপত্র এবং দলিলাদি গ্রাহকের নিকট থেকে সংগ্রহ করতে পারবে।

এই প্রেক্ষিতে, অত্র ব্যাংকের সকল শাখায় বাংলাদেশ ব্যাংক প্রবর্তিত স্বতন্ত্র বাংলা আবেদন পত্রটি এসএমই বিনিয়োগ প্রস্তাবনার সাথে যথাযথভাবে পূরন করে সংযুক্ত করার নির্দেশনা প্রদান করা হলো যা অনতিবিলম্বে কার্যকর করতে হবে।


মোহাম্মদ আশরাফ কুল হক
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট


এম আখতার হোসেন
উপ-ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তিঃ বাংলাদেশ ব্যাংক প্রবর্তিত সার্কুলারসহ স্বতন্ত্র নমুনা বাংলা আবেদন পত্র।